



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পরি/কামিল(স্নাতকোত্তর) প্রা.পা/২০১৬/১৫৬৬২

তারিখ: ২১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে সঈদপুর বাজার ফাজিল মাদরাসা, (SYEDPUR BAZAR FAZIL MADRASAH, EINN: 129511) নবীগঞ্জ, হবিগঞ্জ -এর অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ ১৩(গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন ও ৩য় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩(ঙ) মোতাবেক নিম্নোক্ত শর্তে ০৯/০২/২০২৬ খ্রিষ্টাব্দ থেকে ০৮.০২.২০২৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো :

শর্তসমূহ:

- ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ২ বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে।
- কামিল হাদিস বিভাগের ক্লাসের জন্য আলাদা কক্ষ ও একটি বিভাগীয় কক্ষ নির্ধারণ করতে হবে এবং লাইব্রেরিতে হাদিস বিভাগের সকল বই ও রেফারেন্স বইসমূহ থাকতে হবে।
- কামিল হাদিস বিভাগের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ ও তাদের বেতনাদি নির্ধারণ করতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে।
- শিক্ষার মানোন্নয়নের জন্য মাদরাসায় হোস্টেল ব্যবস্থাসহ প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে এবং মাদরাসার অভ্যন্তরের মাঠটি শিক্ষার্থীদের খেলাধুলার জন্য উপযোগী করতে হবে।
- মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর সৌন্দর্যবর্ধন ও নির্মাণাধীন ভবনের কাজ দ্রুততম সময়ের মধ্যে শেষ করতে: শিক্ষকদের জন্য পৃথক ড্রয়ারের ব্যবস্থাকরণের পাশাপাশি শ্রেণিকক্ষের ব্ল্যাকবোর্ড/হোয়াইটবোর্ড সংস্কারসহ মাদরাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য আলাদা আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে।
- একক স্বাক্ষরে কোনো কেনাকাটা করা যাবে না। আর্থিক সকল কার্যক্রম ব্যাংকের মাধ্যমে করতে: ক্যাশ-কলামনার বই, বিল ভাউচারগুলো যথাযথভাবে পূরণ ও সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয় ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডি'র অনুমোদন নিতে হবে এবং রিজার্ভ ফান্ডে অর্থের পরিমাণ বৃদ্ধি করতে হবে।
- ক্যাম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ক্লাসরুমগুলোতে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থাগ্রহণসহ পুরনো কক্ষ-দরজা-জানালাগুলো ডেকোরেশন ও প্রয়োজন অনুযায়ী মেরামত করতে হবে।
- প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্তকরণের চর্চাকে নিয়মিত করতে হবে।
- মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করতে: ডিজিটাল হাজিরা ও প্রজেক্টরের ব্যবস্থা করতে হবে এবং প্রত্যেক শ্রেণির শিক্ষার্থীর জন্য ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবস্থাগ্রহণ করার পাশাপাশি ক্লাসে শিক্ষার্থীদের মূল কিভাবে পড়াতে হবে।
- মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা ওয়াশরুম, কমনরুম ও নামাজের ব্যবস্থা করার পাশাপাশি ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোসহ তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলছা, কেব্রাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে।
- প্রত্যেক শ্রেণিকক্ষের দরজায় ক্লাসের নাম বাংলা ও আরবি লেখা সম্মিলিত নেমপ্লেট স্থাপন করতে: শিক্ষার্থীদের মেধা বিকাশ ও ভাষাগত দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালুকরণের পাশাপাশি "ডিবেইট ক্লাব, ক্রিয়েটিং রাইটিং ক্লাব, আর্ট অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব চালু করতে হবে।
- প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(মোঃ গিয়াস উদ্দীন)
মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

সঈদপুর বাজার ফাজিল মাদরাসা

নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং- ইআবি/পরি/কামিল(স্নাতকোত্তর) প্রা.পা/২০১৬/১৫৬৬২

তারিখ: ২১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকঙ্গী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, সঈদপুর বাজার ফাজিল মাদরাসা, নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ৭। অফিস নথি।


(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর